"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৯.৩২.০২৪.১৭- ১২৬ তারিখ: ২৮ মে , ২০১৯খ্রিঃ।

**বিষয়: টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) উৎপাদিত পন্য ব্যাপকভাবে ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানটিকে লাভজনক প্রতিষ্ঠানে রুপান্তরে সকলের সহযোগিতা প্রদান।**

সূত্র : (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪১.৯৯.০১২.১৯-১৫৪ তারিখ : ২০ মে, ২০১৯খ্রি:
(২) ভারপ্রাপ্ত সচিব ,ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর ডি.ও নং-১৪.০০.০০০০.০২৫.০০.০০০.১৯-১০৪,তারিখ: ০৬মে, ২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য অর্জনে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) এর উৎপাদিত ডিজিটাল ডিভাইস ব্যাপকভিত্তিক ব্যবহারের মাধ্যমে সংস্থাটিকে সহযোগিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক ( ৩ পাতা)।

( প্রকৌ. মো: খুরশিদ আলম )
সহাকারী পরিচালক (পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

**বিতরণ :**

১-৫ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ ।

৬-৫৫ । অধ্যক্ষ, সকল পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৬-১১৯ । অধ্যক্ষ, সকল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

১২০-১২৭ । আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল / ময়মনসিংহ/ রংপুর ।

**অনুলিপি :**

১ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২ । সিনিয়র সহকারী সচিব (সেবা শাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়।

৩ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪ । প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

৫ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬ । নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪১.৯৯.০১২.১৯.১৫৪

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৬
২০ মে ২০১৯

বিষয়: **টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) উৎপাদিত পন্য ব্যাপকভাবে ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানটিকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরে সকলের সহযোগিতা প্রদান।**

সূত্র: ভারপ্রাপ্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর ডি.ও নং- ১৪.০০.০০০০.০২৫.০০.০০০.১৯-১০৪, তারিখ-০৬ মে ২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে প্রাপ্ত আধাসরকারী পত্রটি (কপি সংযুক্ত) এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। সংযুক্ত আধা সরকারী পত্রের অনুরোধ মতে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য অর্জনে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) এর উৎপাদিত ডিজিটাল ডিভাইস ব্যাপকভিত্তিক ব্যবহারের মাধ্যমে সংস্থাটিকে সহযোগিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

**সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।**

২০-৫-২০১৯
মোহাম্মদ শহীদুল্লাহ
সিনিয়র সহকারী সচিব (সেবা)
ফোন: ৯৫৭৫৮০৭
ইমেইল: sasadmin2@tmed.gov.bd

বিতরণ :
১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর
২) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৪) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
৫) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৬) অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪১.৯৯.০১২.১৯.১৫৪/১(৪)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৬
২০ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৪) অফিস কপি।

২০-৫-২০১৯

মোহাম্মদ শহীদুল্লাহ

সিনিয়র সহকারী সচিব (সেবা)

অশোক কুমার বিশ্বাস
ভারপ্রাপ্ত সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও নং-১৪.০০.০০০০.০২৫.০০.০০০.১৯-১০৪

০৬ মে ২০১৯ খ্রিঃ

আমার সালাম নিবেন।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, আধুনিক বিজ্ঞানমনস্ক এবং তথ্য-প্রযুক্তি নির্ভর সমাজ গঠনে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ কর্মসূচি মাননীয় প্রধানমন্ত্রীর একটি উন্নয়ন দর্শন। বর্তমান সরকারের এ কর্মসূচির আওতায় ইতোমধ্যে তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে দেশে এক নিরব বিপ্লব ঘটে গেছে। কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ জীবনমান উন্নয়নের সকল ক্ষেত্রে তথ্য-প্রযুক্তির ব্যবহার আজ জনগণের দোর-গোড়ায় পৌছে গেছে। তথ্য-প্রযুক্তিগত সেবা নিশ্চিতকল্পে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে চলেছে।

জাতীয় শিক্ষা নীতি-২০১০ এর আলোকে দেশের শিক্ষা ব্যবস্থার সামগ্রিক উন্নয়নে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। শিক্ষা ব্যবস্থা বিশেষত কারিগরি শিক্ষার গুণগত মানোন্নয়ন ও বিকাশের লক্ষ্যে তথ্য প্রযুক্তির যথাযথ ব্যবহার অনস্বীকার্য। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং এর অধীনস্থ সকল অধিদপ্তর/সংস্থাসমূহ দেশে তথ্য-প্রযুক্তির বিকাশে বিশেষ করে শিক্ষাক্ষেত্রে অকৃপণ সহযোগিতা প্রদান করে চলেছে।

প্রসংগত, শিক্ষাক্ষেত্রে ব্যবহার উপযোগী উন্নতমানের দোয়েল ল্যাপটপসহ ডিজিটাল কন্টেন্ট তৈরী, মাল্টিমিডিয়া ক্লাস রুম তৈরী, আধুনিক ও মানসম্পন্ন তথ্যপ্রযুক্তি উপকরণ সরবরাহে এ বিভাগের অধীনস্থ টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) ইতোমধ্যে বিশেষ সাফল্য অর্জন করেছে। শিক্ষার উন্নয়ন ও উৎকর্ষ সাধনে টেশিস উৎপাদিত আধুনিক ও মানসম্পন্ন ডিজিটাল ডিভাইসের ব্যবহার বিশেষ ভূমিকা রাখতে পারে। এর ফলে দেশের একমাত্র সরকারী ডিজিটাল ডিভাইস উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে টেশিস "ডিজিটাল বাংলাদেশ" বিনির্মাণে অবদান রাখার পাশাপাশি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হবে বলে আশা করা যায়। উল্লেখ্য, রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান হিসেবে টেশিস থেকে অগ্রাধিকারভিত্তিতে ডিজিটাল ডিভাইস ক্রয়ের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য অর্জনে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনস্থ অধিদপ্তর/প্রতিষ্ঠানসমূহে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান টেশিসের উৎপাদিত ডিজিটাল ডিভাইস ব্যাপকভিত্তিক ব্যবহারের সুযোগ সৃষ্টির ক্ষেত্রে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

আন্তরিকভাবে আপনার

(অশোক কুমার বিশ্বাস)
ভারপ্রাপ্ত সচিব

জনাব মোঃ আলমগীর
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।